জেন্ডার টিপ শিট - আশ্রয়ন ব্যবস্থাপনা (Site Management & Site Development)

কার্যকর কর্মসূচি চালানোর জন্য এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে প্রতিটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের সাথে সমন্বয় থাকা জরুরি। আর্ত মানবতার সেবায় পরিচালিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ, বিশ্লেষণ ও এর ওপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গসংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের কার্যকর ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আশ্রয়ন ব্যবস্থাপনা কর্মসূচির (SMSD) প্রতিটি কর্মক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ শিটটি সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

আশ্রয়ন ব্যবস্থাপনা	
নিডস এসেসমেন্ট ও বিশ্লেষণ	➢ **লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য** (SADDD) সংগ্রহ ও বিশ্লেষণ করুন। আশ্রয়ন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের চাহিদা, সক্ষমতা ও প্রতিবন্ধকতা বোঝার জন্য একটি অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। এর মাধ্যমে বিশেষ ধরনের চাহিদাসম্পন্ন জনগণকে চিহ্নিত করুন। জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করার ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন : ↳ জেন্ডারভিত্তিক ভূমিকা ও ক্ষমতার বিশ্লেষণ : যেমন - পরিবারে নারী ও পুরুষের কাজের বিভাজন, পরিবারে কে সিদ্ধান্ত গ্রহণ করেন, বিভিন্ন সম্পদের উপর কার অধিকার এবং নিয়ন্ত্রণ রয়েছে ইত্যাদি। ↳ সাংস্কৃতিক রীতিনীতি ও চর্চা। যেমন - নারীদের নেতৃত্ব প্রদান সম্পর্কে সমাজে প্রচলিত ধারণাসমূহ, তাদের স্বাভাবিক চলাচলের ব্যাপারে

	সামাজিক বিধিনিষেধগুলো বিবেচনায় নিন। ↳ সুরক্ষা/জেন্ডারভিত্তিক সহিংসতার (GBV) ঝুঁকিসমূহ: (সব ধরনের জেন্ডারভিত্তিক সহিংসতা)। যেমন - পারিবারিক নির্যাতন, যৌন নির্যাতন, যৌন হয়রানি, ধর্ষণ, নারী পাচার, বাল্যবিবাহ/জোরপূর্বক বিয়ে ইত্যাদি। এছাড়াও প্রতিকূল আবহাওয়া ও দুর্যোগকালীন সময়ে জেন্ডারভিত্তিক সহিংসতার ঝুঁকি প্রতিরোধ ও মোকাবেলার ব্যবস্থা আছে কি না এবং সবার জন্য আপদকালীন পরিকল্পনার প্রশিক্ষণের ব্যবস্থা আছে কিনা, ইত্যাদি বিষয় বিবেচনা করুন। ↳ ইন্টারসেকশনাল বিষয়সমূহ চিহ্নিতকরণ: যেমন - হিজড়া, সমকামী ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বৈষম্যমূলক আচরণ কীভাবে প্রশাসনিক কাঠামোতে তাদের অংশগ্রহণের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলে, তা যাচাই করুন। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনা ও নির্মাণ সংক্রান্ত ঘাটতিগুলো শনাক্ত করতে একটি অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। ↳ পরিকল্পনা। যেমন - সবার বিশেষ চাহিদা পূরণের জন্য আশ্রয়নের নকশা, অবকাঠামো, বিন্যাস, অবস্থান, নিরাপত্তা, প্রবেশগম্যতা ও যথেষ্ট সুবিধার উপর গুরুত্ব দেয়া প্রয়োজন। এছাড়াও এসব সুবিধার ব্যাপারে তথ্যের সহজলভ্যতার বিষয়টিও নিশ্চিত করা প্রয়োজন। ↳ জেন্ডারভিত্তিক প্রয়োজন। দূর্বল জনগোষ্ঠীর জন্য সহায়ক স্থান নিশ্চিত করুন; পুরুষের তুলনায় নারীদের জন্য বরাদ্দকৃত স্থানের অনুপাত যথাযথ হয় কিনা, লক্ষ্য করুন। ↳ নেতৃত্ব ও প্রশাসনিক কাঠামো। যেমন - প্রশাসনিক কাঠামোতে নারী ও পুরুষের সদস্যপদ, কমিটিগুলো থেকে লাভবান হওয়ার এবং এগুলোকে প্রভাবিত করার জন্য পুরুষ ও নারীদের সমান সক্ষমতা আছে কি না তা যাচাই করুন। প্রতিনিধিত্বের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী ও বাকীরা কে কী ধরনের বাধার সম্মুখীন হয়ে থাকেন, তা চিহ্নিত করুন। ↳ আশ্রয়ন ব্যবস্থাপনা ও উন্নয়নকর্মী: যেমন - আশ্রয়ন ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মীদের নির্দিষ্ট প্রশিক্ষণ চাহিদা; জেন্ডার ও এলজিবিটিকিউআই

	সম্পর্কিত বিষয়ভিত্তিক জ্ঞান আছে কিনা; জিবিভি (GBV) সংক্রান্ত প্রশিক্ষণ আছে কিনা; আশ্রয়ন ব্যবস্থাপনা কর্মীদের জন্য পিএসইএ (PSEA) আচরণবিধি বিদ্যমান আছে কিনা; নারীকর্মীদের প্রশিক্ষণ ও সহায়তা প্রদানের ব্যবস্থা আছে কিনা, যাচাই করুন। ↳ আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণের নীতি/পরিকল্পনা। যেমন - আশ্রয়ন পরিচালনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণের নীতিতে জেন্ডারভিত্তিক বিবেচ্য বিষয়সমূহ (উপরে বর্ণিত বিষয়সমূহ) বিবেচনা করা হয়েছে কিনা, যাচাই করুন। ➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) বিশ্লেষণ করে অংশগ্রহণমূলক উপায়ে জেন্ডার অ্যানালাইসিস নিশ্চিত করুন। যেমন - লিঙ্গ-পৃথকীকৃত ফোকাস গ্রূপ ডিসকাশন, সবার অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনার জন্য উপযুক্ত সময়, স্থান ও অন্যান্য সুবিধা নিশ্চিত করুন। ➢ ইন্টারসেকশনাল বিষয়সমূহ নিশ্চিতকরণ: বয়স, প্রতিবন্ধিতা, হিজড়া, সমকামী ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর বিশেষ চাহিদাসমূহ নিশ্চিত হয়েছে কি না তা যাচাই করুন।
কৌশলগত পরিকল্পনা	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনার নথিপত্র ও পরিস্থিতির মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনগুলোতে জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। ➢ কর্মসূচি পরিকল্পনা করার জন্য দূর্বল জনগোষ্ঠীসহ সবার সাথে পরামর্শ করুন, যেন গৃহীত কর্মসূচিগুলো তাদের চাহিদা পূরণ করতে পারে। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনার ক্ষেত্রে সকলের সমান অধিকার নিশ্চিত করুন, যেন সবার চাহিদা সমানভাবে মেটানোর পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক সংবেদনশীলতাও নিশ্চিত হয়। ↳ প্রবেশগম্যতা। যেমন - আশ্রয়কেন্দ্রে পরিচালিত সেবা ও সুবিধাসমূহে সকলের স্বাভাবিক প্রবেশগম্যতা নিশ্চিত করা (দূর্বল জনগোষ্ঠির

	জন্য বিশেষ ব্যবস্থায় উপযুক্ত পরিবেশ তৈরি করা)। ↳ সুরক্ষা/জিবিভি। যেমন - পর্যাপ্ত আলো, ব্যক্তিগত কাজের গোপনীয়তার জন্য আশ্রয়কেন্দ্রে পর্যাপ্ত জায়গা, দরজা ও জানালা ঠিকভাবে বন্ধ করার এবং তালা মারার ব্যবস্থা নিশ্চিত করুন। ↳ নেতৃত্ব, প্রতিনিধিত্ব ও সমন্বয়। যেমন - পুরুষপ্রধান পরিবারের সদস্য, সমাজের সাধারণ মানুষ ও গণ্যমান্য ব্যক্তিদের মধ্যে জেন্ডার সংবেদনশীলতা সৃষ্টি করুন। তাদেরকে নেতৃত্ব ও অংশগ্রহণের উপর প্রশিক্ষণ দিন। সবার কাছে পৌঁছাতে পারে, এমন মাধ্যম ব্যবহার করে তথ্য প্রচার করুন। প্রশাসনিক কাঠামোতে নারী ও কম প্রতিনিধিত্বমূলক জনগোষ্ঠীর জন্য কোটার ব্যবস্থা রাখুন। ↳ জেন্ডার ভারসাম্যমূলক আশ্রয়ন ব্যবস্থাপনা/আশ্রয়ন গঠনকারী স্টাফ/স্বেচ্ছাসেবক/কমিটিসমূহ: যেমন - নারীকর্মীদের নিয়োগ দিন, প্রশিক্ষণ ও কাজে বহাল থাকার মতো উপযুক্ত পরিবেশ সৃষ্টি করুন। কমিউনিটি ক্যাম্প কমিটিগুলোতে এবং আশ্রয়কেন্দ্র নির্মাণকাজে নারী ও পুরুষ শ্রমিককে প্রশিক্ষণ ও নিয়োগ দিন। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনায় সবার অংশগ্রহণের বাধাগুলো দূর করতে খাদ্য নিরাপত্তা, সুরক্ষা, জিবিভি সহ অন্যান্য সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন। ↳ আশ্রয়স্থান ব্যবস্থাপনা পরিচালনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণে সকলের সমান অংশগ্রহণের ক্ষেত্রে থাকা বাধাগুলো দূর করুন। যেমন - নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার বিধান রাখুন। উদাহরণস্বরূপ - শিশুযত্ন নেয়ার সুযোগ, জেন্ডার সংবেদনশীল পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, জেন্ডারভিত্তিক সহিংসতা (GBV) রোধকল্পে ব্যবস্থাসমূহ, জেন্ডার-বিভাজিত দল গঠন; আশ্রয়ন পরিচালনা ও নির্মাণে নারীদের অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে কমিউনিটির এবং চারপাশের লোকজনের মধ্যে গণসচেতনতা সৃষ্টি করুন; আশ্রয়ন ব্যাবস্থাপনা ও নির্মাণে নারীদের অংশগ্রহণ তাদের বিদ্যমান দ্বিগুণ কাজের

	বোঝাকে আরও বাড়িয়ে দিচ্ছে কিনা, তা বিবেচনা করে যথাযথ ব্যবস্থা নিন। অর্থাৎ পুরুষদেরকেও ঘরের কাজে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করুন। ➥ কমিউনিটি সচেতনতা ও সামাজিক আচরণবিধির পরিবর্তন। যেমন - নারীদের নেতৃত্ব ও অংশীদারিত্ব সম্পর্কে সমাজে সচেতনতা তৈরি করুন। পরিবারের কাজে নারী ও পুরুষের অংশগ্রহণ নিশ্চিত করুন। সম্পদের ওপর আরও সমান অধিকার প্রয়োগের ব্যাপারে সচেতনতা তৈরি করুন। জিবিভি ও পিএসইএ প্রতিরোধ এবং প্রক্রিয়া সম্পর্কিত বার্তা প্রচার করুন। ➢ সবার আচরণগত পরিবর্তন পরিমাপের জন্য সূচক তৈরি করুন। ➥ লিঙ্গ ও বয়সভিত্তিক সূচক তৈরি করুন, যেন বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো বোঝা যায় এবং সেগুলো নিয়ে কাজ করা যায়। ➢ কার্যক্রম পরিকল্পনায় জেন্ডার-সংবেদনশীলতা নিশ্চিত করতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
সম্পদের ব্যবহার	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে সবার বিশেষ চাহিদা সম্পর্কিত তথ্য আশ্রয়ন ব্যবস্থাপনা সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন তাদের বিশেষ চাহিদাগুলো অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনা সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে নিয়মিত প্রতিবেদন তৈরি করুন এবং এই প্রতিবেদনের ভিত্তিতে সরকার ও দাতা সংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য সুপারিশ করুন। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনা সেক্টরের কার্যক্রম তৈরির সময় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নে এই সেক্টরের অবদান নিশ্চিত করুন।
প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণ	➢ আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণ সংক্রান্ত প্রকল্প ও কার্যক্রম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী ও পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ➥ প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণে সমাজের প্রাসঙ্গিক সদস্য ও দলগুলোকে জড়িত করুন: যেমন - কর্মসূচি বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী অধিকার, যুবসমাজ ও এলজিবিটিকিউআই নেটওয়ার্কের মতো

	সংগঠনগুলোকে জড়িত করুন; শিশুযত্ন সেবা সরবরাহ করে নারী ও অল্প বয়সী মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ প্রকল্প বাস্তবায়নকারী ও পর্যবেক্ষণকারীদের মহদ্যে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন: যেমন - নারী কর্মী ও স্বেচ্ছাসেবীদের নিয়োগ দিন। তাদেরকে প্রশিক্ষণ দেয়ার পাশাপাশি কাজের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করুন। ↳ কর্মী ও স্বেচ্ছাসেবীদের যাবতীয় নিরাপত্তা নিশ্চিত করুন। যেমন - যৌন নির্যাতনের হুমকি, উত্যক্ত করা এবং যৌন হয়রানির ব্যাপারে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখুন। ↳ সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো এবং সেগুলো পাওয়ার উপায় জানে, সে ব্যাপারটি নিশ্চিত করুন। ↳ শিশু-কিশোরবান্ধব, জেন্ডার-সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা নিশ্চিত করে, এমন ধরনের অভিযোগ পদ্ধতি চালু রাখুন। যেমন - অভিযোগ বাক্স ও হটলাইন সেবা চালু করুন এবং বয়স ও লিঙ্গভিত্তিক এফজিডি (FGD) করুন। ↳ প্রকল্পের কার্যক্রমের ফলে সবার মধ্যে যেকোনো ধরনের নেতিবাচক পরিবর্তন নিয়মিত পর্যবেক্ষণ করুন। ↳ মানবিক সহায়তা ও সুরক্ষায় দূর্বল জনগোষ্ঠীসহ সবার স্বাভাবিক প্রবেশগম্যতা রয়েছে কিনা, তা পর্যবেক্ষণ করুন। ↳ প্রকল্পটি যৌথ সাড়াদান পরিকল্পনার জেন্ডার-নির্দিষ্ট সূচকে অবদান রাখছে কিনা, তা নিশ্চিত করুন। ↳ জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	➢ আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণে সবার সুনির্দিষ্ট প্রয়োজন, সক্ষমতা সম্পর্কিত তথ্য এবং লিঙ্গ ও বয়স ভিত্তিক তথ্যগুলো অন্যদের কাছে পৌঁছে দিন। একইসাথে অন্যদের প্রতিক্রিয়াগুলোও

	সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিন। ↳ এ সংক্রান্ত তথ্য, প্রতিবেদন ও অন্যান্য উপকরণ পর্যালোচনা ও প্রচারে সহায়তা করতে পারে জেন্ডার হাব। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে জেন্ডার-সংবেদনশীলতা চর্চার ফলে শেখা বিষয়গুলো (lesson learned) অন্যদের সাথে আলোচনা করুন। ➢ আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়কেন্দ্র নির্মাণ সেক্টরের প্রকল্পগুলো ভুক্তভোগী জনগোষ্ঠীর সবার কাছে সমানভাবে পৌঁছেছে কিনা, যাচাই করুন। এক্ষেত্রে সম্ভাব্য ঘাটতিগুলো চিহ্নিত করা হয়েছে কিনা, তা পর্যালোচনা করুন। ➢ জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নে এই সেক্টরের কর্মসূচির অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।

আরও তথ্যের জন্য দেখুন:

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিঙের রিভিউ (Review)
- জেন্ডার-সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)

যোগাযোগ:

সাইট ম্যানেজমেন্টের সেক্টরের জন্য জেন্ডার ফোকাল পয়েন্ট-
ব্রায়ান্ট ক্যাস্ট্রো (castro@unhcr.org) ও মারি সোফি পিটারসন (marie.pettersson@unwomen.org)
জেন্ডার হাব – Joelle Charbonneau (Joelle.charbonneau@unwomen.org)

সংক্ষিপ্তসার তালিকা (ACRONYMS)			
এফজিডি (FGD)	ফোকাস গ্রুপ ডিসকাশন	জেআরপি (JRP)	যৌথ সাড়াদান পরিকল্পনা
জিএএম/ গ্যাম (GAM)	জেন্ডার উইথ এজ মার্কার	এলজিবিটিকিউআই (LGBTQI)	হিজড়া, সমকামী , উভকামী ও অন্যান্য (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স)
জিবিভি (GBV)	জেন্ডারভিত্তিক সহিংসতা	পিএসইএ (PSEA)	যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ
জিআইএইচএ / গিহা (GiHA)	জেন্ডার ইন হিউম্যানিটেরিয়ান এ্যাকশন	এসএডিডিডি (SADDD)	লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-বিভাজিত উপাত্ত
জিইইডব্লিউজি (GEEWG)	জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন	এসএমএসডি (SMSD)	আশ্রয়ন ব্যবস্থাপনা ও আশ্রয়ন নির্মাণ